শিলিগুড়িতে ১০ কোটির মাদক সহ গ্রেফতার হল পাঁচ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট ঃ শিলিগুড়িতে অভিযান চালিয়ে ৫ কেজি ৪০০ গ্রাম ব্রাউন সুগার সমেত পাঁচজনকে গ্রেফতার করল শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ (এসওজি), ভক্তিনগর ও শিলিগুড়ি থানার পুলিশ। গোপন সূত্রে খবরের ভিত্তিতে বুধবার দুপুরে শহরের দুটি এলাকায় অভিযান চালিয়ে অভিযুক্তদের গ্রেফতা করা হয়েছে। ধৃতরা হল দুর্গা সোরেন, প্রদীপ মুন্ডা, রশিদ শেখ, বাছাই কিসকু এবং রঞ্জন মাঝি। এদের মধ্যে রশিদ শুধুমাত্র মালদার বাসিন্দা। বাকি চারজনই শিলিগুড়ি মহকুমার খড়িবাড়ি এলাকার বাসিন্দা বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের হেপাজত থেকে উদ্ধার হওয়া মাদকের বাজার মূল্য প্রায় ১০ কোটি টাকা। ধৃতদের বৃহস্পতিবার আদালতে তুলে হেপাজতে নেয় পুলিশ। মালদার বাসিন্দা রশিদ শিলিগুড়িতে মাদক সাপ্লাই দিতে এসেছিল বলে খবর। শিলিগুড়ির পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী বলেন, অভিযুক্তদের গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঘটনায় আর কেউ জড়িত রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। ঘটনায় বড় চক্র জড়িত রয়েছে বলে দাবি পুলিশের।

আদিবাসী বিক্ষোভ

দুরন্ত বার্তা, বালুরঘাট, ১৭ আগস্ট ঃ একাধিক দাবিতে বালুরঘাটে জেলা প্রশাসনিক ভবন ঘেরাও করে তীর ধনুক নিয়ে বিক্ষোভ দেখাল ভারত জাগত মাঝি পরগণা মহল। বৃহস্পতিবার বালুরঘাটে জেলা প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ দেখায় শতাধিক আদিবাসী সম্প্রদায়ের মানুষ। বিক্ষোভকারীদের দাবি, বর্তমানে নানাভাবে আদিবাসীদের বঞ্চিত করা হচ্ছে। আদিবাসী বন সংরক্ষণ আইন অনুযায়ী, আদিবাসীদের বনে থাকার অধিকার দিতে হবে। আদিবাসীদের শংসাপত্র জাল করা হচ্ছে। এটা অবিলম্বে বন্ধ করতে হবে। প্রত্যেক জেলায় সাওঁতালি মিডিয়ামের স্কুল খোলা ও পঠন-পাঠন করতে হবে। মণিপুরে আদিবাসীদের উপর যেমন অত্যাচার করা হচ্ছে তার প্রতিবাদেও এদিন সরব হয়েছেন ভারত জাগত মাঝি পরগণা মহল। এদিন একাধিক দাবি সম্মিলিত পত্র জেলা প্রশাসনের কাছে তুলে দেন তাঁরা। এদিকে আদিবাসীদের ঘেরাও বিক্ষোভকে কেন্দ্র করে যাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য বিশাল পুলিশ মোতায়েন করা হয় বালুরঘাট জেলা প্রশাসনিক ভবন চত্বরে। এই ঘটনা ঘিরে প্রশাসনিক ভবন চত্বরে যথেষ্ট উত্তেজনার পরিবেশ ছিল।

লোকশিল্পী আসর

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট ঃ লোকশিল্পকে পুনর্জীবিত করতে উদ্যোগী রাজ্য সরকার। লোকশিল্পীদের মান উন্নয়ন ও বিকাশ ঘটাতে অনুষ্ঠিত হলো লোকশিল্পী সম্মেলন।বৃহস্পতিবার শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে দার্জিলিং জেলার লোকশিল্পীদের সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জলন করে অনুষ্ঠানের সূচনা করেন মেয়র গৌতম দেব। এছাড়াও অনুষ্ঠানে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথা গানের মাধ্যমে তুলে ধরেন শিল্পীরা। মেয়র গৌতম দেব জানান, তাদের সরকারের মূল লক্ষ্যই হলো এই শিল্পীদের উন্নয়ন ঘটানো। বর্তমানে এই রাজ্যের ১লক্ষ ৯৪ হাজার লোকশিল্পী সরকারী ভাতার অন্তর্ভুক্ত রয়েছেন। আগামীতে কিভাবে আরও শিল্পীদের এই ভাতার অন্তর্ভুক্ত করা যায় সেই উদ্দেশ্যেই এই সম্মেলন বলে জানান তিনি।

পরিষেবা নিয়ে ক্ষোভ কোচবিহার পুরসভার বিরুদ্ধে
চেয়ারম্যানকে স্মারকলিপি বিজেপির

দুরন্ত বার্তা, কোচবিহার, ১৭ আগস্ট ঃ কোচবিহার পৌরসভার বেহাল পৌর পরিষেবার প্রতিবাদে বৃহস্পতিবার বিজেপির কোচবিহার শহর মন্ডল কমিটির পক্ষ থেকে কোচবিহার পৌরসভার চেয়ারম্যানের কাছে একটি স্মারকিক প্রদান করা হয়। বিজেপির অভিযোগ ভেঙে পড়েছে কোচবিহার পৌরসভার পৌর পরিষেবা। নিকাশী নালা থেকে শুরু করে রাস্তাঘাট সবকিছুর বেহাল দশা। শহরের বুকে বাড়ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা। কোচবিহার পৌরসভা চেয়ারম্যান পৌরসভার পরিষেবা নিয়ে উদাসীন। অপরদিকে কোচবিহার পৌরসভার নাগরিকদের উপর বাড়িয়ে চলেছেন করের বোঝা। বাড়ির প্লান পাস করানোর জন্য তিনগুণ বেশি টাকা নেওয়া হচ্ছে পৌরসভার পক্ষ থেকে। যার ফলে নাজেহাল অবস্থা কোচবিহার পৌরসভার সাধারণ নাগরিকদের। অবিলম্বে অন্যায়ভাবে চাপিয়ে দেওয়া কর বাতিলের দাবিতে এবং সুষ্ঠু পৌর নাগরিক পরিষেবার দাবিতে আজ শহর জুড়ে মিছিল করে পৌরসভার সামনে উপস্থিত হয়ে বিক্ষোভ প্রদর্শন করেন বিজেপি কর্মীরা। কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক নিখিল রঞ্জন দে'র নেতৃত্বে চলে এই বিক্ষোভ কর্মসূচি। বিক্ষোভের পাশাপাশি কোচবিহার পৌরসভার পৌরপতি রবীন্দ্রনাথ ঘোষের কাছেও একটি স্মারকলিপি প্রদান করা হয়। যদিও রবীন্দ্রনাথ ঘোষ জানান, পৌর আইন মেনেই সমস্ত কর ধার্য্য করা হয়েছে। এছাড়াও শহরের অনেকেই রাতের অন্ধকারে নোংরা আবর্জনা রাস্তা এবং নিকাশি নালায় ফেলছে। আমরা যেমন তৎপরতার সঙ্গে মানুষকে সচেতন করছি এবং প্রতিদিন নোংরা আবর্জনা পরিস্কার করছি, তেমনি ভাবে বিজেপির নেতৃত্বদের কাছেও আবেদন জানিয়েছি। তারাও যেন মানুষকে সচেতন করেন। বিজেপি নেতা তথা বিধায়ক নিখিল রঞ্জন দে বলেন, শহরের রাস্তাঘাট সংস্কারের অভাবে চলাচলের অযোগ্য হয়ে দাঁড়িয়েছে। নিকাশী নালা বেহাল। পুরসভা নিজেও কাজ করছে না। আমি বিধায়ক উন্নয়ন তহবিলের টাকা দেব, সেটাও নিচ্ছে না। যদিও পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, উনি কোথায় টাকা দেবেন, দেবেন না সেটা ওনার ব্যাপার। তবে গত দুবছরে উনি কেন একথা বলেননি? পুর পরিষেবা নিয়ে কোনও অভিযোগ জানাননি।

ফতোয়ার জেরে বন্ধ পানীয় জল

দুরন্ত বার্তা, ঘাটাল, ১৭ আগস্ট ঃ গ্রামের মাতব্বরদের ফতোয়ায় ৪ দিন ধরে বন্ধ পানীয় জল। জল না পেয়ে কান্নায় ভেঙে পড়লেন মহিলা। পাড়া ও আশপাশের কয়েকজন মাতব্বর নাকি পাড়ারই কয়েকটি পরিবারের জল বন্ধের ফতোয়া জারি করেছে। ওই সব পরিবারের জন্য সরকারের তরফে যে পানীয় জলের ট্যাপ বসানো হয়েছিল বাড়ির সামনে সেই ট্যাপের মুখ খুলে সিল করে দেওয়া হয়েছে। ফতোয়ায় এও বলা হচ্ছে পাড়ার কোনও বাড়ি থেকেও ওদের জল দেওয়া যাবে না। পানীয় জল নিয়ে এমন ঘটনার কথা ব্লক প্রশাসনের নজরে আসতেই দাসপুর থানার পুলিশের উদ্যোগে বুধবার পানীয়জলের ট্যাপগুলি সারিয়ে দেওয়া হলেও সেই মাতব্বরদের তরফে পুনরায় পানীয় জলের ট্যাপের সঙ্গে পাইপও ভেঙে দেওয়া বলে অভিযোগ। ঘটনাটি পশ্চিম মেদিনীপুর জেলার দাসপুর থানার সামাট গ্রামের। গ্রামের পুতুল সামাট, মঞ্জুরী, টৌটা সামাট বা চঞ্চলা সয়দের অভিযোগ গত শনিবার থেকেই পাড়া ও পাড়ার বাইরের কয়েকজন এসে তাদের পানীয়জল বন্ধ করেছে। প্রশাসনের তরফ থেকে জলের ট্যাপ সরিয়ে দেওয়া হলেও আবার সেই ট্যাপ ভেঙে দিয়েছে। পানীয়জল না পেয়ে কান্নায় ভেঙে পড়েছেন মঞ্জুরী দেবী। তাঁর আকুতি দ্রুত তাঁদের পানীয়জল চালু করুক প্রশাসন। বাড়িতে ছেলে-মেয়ে আছে। একা একাই সব দোকান-বাজার, স্কুলে, টিউশনে যায়। নতুন করে আর যাতে না সমস্যা তৈরী হয়। তবে গ্রামের মাতব্বরদের এমন ফতোয়ার সঠিক কারণ প্রকাশ্যে বলতে চায়নি কেউই। তবে এই বিষয়ে গ্রামের মাতব্বরদের তরফ থেকে কেউই কোনও প্রতিক্রিয়া দেয়নি। তবে রাজনগর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান চিন্ময় চক্রবর্তী বলেন, আমাদের বিষয়টি জানা ছিল না, তবে আমরা বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছি। এই বিষয়ে আদিবাসী সংগঠন আদিবাসী উন্নয়ন মঞ্চের নেতা রাকেশ নায়েক বলেন, এলাকার কয়েকটি আদিবাসী পরিবার অন্য ধর্মে দীক্ষিত হয়েছে, তাই একটা সমস্যা হয়েছে, পুলিশ থেকে বিডিও সকলেই জানে, দ্রুত সমাধান হয়ে যাবে।

করিম নিয়ে চাপে তৃণমূল নেতৃত্ব

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১৭ আগস্ট ঃ পঞ্চায়েত ভোটের পর জুলাই মাসে বিধানসভার যে বাদল অধিবেশন বসেছিল, সেখানে যোগ দেননি ইসলামপুরের তৃণমূল বিধায়ক। প্রশ্ন উঠেছে, নেতৃত্বের সঙ্গে কি দূরত্ব বাড়াচ্ছেন আব্দুল করিম চৌধুরী? এমনই প্রশ্ন ঘুরছে শাসকদলের অন্দরে। অধিবেশনের প্রথমার্ধে তাঁর অনুপস্থিতি নজরে পড়েছিল তৃণমূল পরিষদীয় দলের। করিমের ঘনিষ্ঠ বৃত্তের খবর, আগামী ২২ আগস্ট থেকে বিধানসভার বাদল অধিবেশনের দ্বিতীয়ার্ধেও তাঁর যোগদানের সম্ভাবনা ক্ষীণ। পঞ্চায়েত ভোটের দলের সঙ্গে বনিবনা না হওয়াতেই নাকি করিম এমন সিদ্ধান্ত নিয়েছেন। করিম শিবিরের অভিযোগ, উত্তর দিনাজপুর জেলা তৃণমূল নেতৃত্ব 'একতরফা' ভাবে পঞ্চায়েত ভোটে প্রার্থী চয়ন করেছিলেন। দলের তথা বিধানসভার প্রবীণতম সদস্য হওয়া সত্ত্বেও তাঁর মতামতকে 'গুরুত্ব' দেওয়া হয়নি। করিম শিবিরের বক্তব্য, তাঁর বিধানসভা এলাকাতেও তাঁর মতামত উপেক্ষা করেই প্রার্থী দিয়েছিলেন তৃণমূল জেলা নেতৃত্ব। এর ফলস্বরূপ 'বাধ্য' হয়ে তিনি নিজের অনুগামীদের ইসলামপুরে নির্দল প্রার্থী হিসেবে দাঁড় করিয়েছিলেন। যা নিয়ে তৃণমূল নেতৃত্বের ভর্ৎসনার মুখেও পড়তে হয়েছিল তাঁকে। কিন্তু পঞ্চায়েত নির্বাচনে বেশকিছু নির্দল প্রার্থীকে জেতাতে পেরেছেন ইসলামপুরের প্রবীণ বিধায়ক। বাবার বিধানসভার অধিবেশন এড়িয়ে যাওয়া প্রসঙ্গে করিমের পুত্র মেহতাব চৌধুরী বৃহস্পতিবার বলেন, পঞ্চায়েত ভোটে যেভাবে বাবার মতো নেতার মতামতকে গুরুত্ব না দিয়ে নিজেদের ইচ্ছামতো প্রার্থী দিয়েছিলেন জেলা তৃণমূলের শীর্ষ নেতারা, তা তিনি মন থেকে মেনে নিতে পারেননি। তাই নিজের ক্ষোভের কথা বোঝাতেই তিনি বাদল অধিবেশনে যোগদান করেননি। পাশাপাশি মেহতাব আরও বলেন, আগামী ২২ আগস্ট থেকে বিধানসভার বাদল অধিবেশন আবার শুরু হচ্ছে। সেই অধিবেশনে বাবা যোগ দেবেন কিনা তাও বলতে পারব না। কারণ, তাঁর মানসিক যন্ত্রণা কমেছে বলে আমার মনে হয় না।

মায়ের কোল থেকে ছিটকে নদীতে নিখোঁজ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১৭ আগস্ট ঃ সড়ক সম্প্রসারণের কাজ চলছে কয়েক বছর ধরে। আর তার জেরে ৩১ নম্বর জাতীয় সড়কের ফালাকাটা-আলিপুরদুয়ার অংশে নরক যন্ত্রণা সয়ে চলেছেন স্থানীরা। তার ওপর বর্ষায় রাস্তার হাল এতটাই খারাপ যে খুব দরকার ছাড়া ওই পথে যাতায়াত করেন না কেউ। কিন্তু সেই সড়কই যে ৬ মাসের একটি শিশুর প্রাণ কেড়ে নেবে তা কল্পনা করতে পারেনি কেউ। যা ঘটল বুধবার রাতে। মায়ের কোল থেকে চর তোর্সা নদীর ওপর অস্থায়ী সেতু পার করার সময় ছিটকে পড়ে মৃত্যু হল তার। এর পরই রাস্তার হাল নিয়ে ক্ষোভ ছড়িয়েছে এলাকায়। আলিপুরদুয়ার থেকে ফালাকাটা পর্যন্ত ৩১ নম্বর জাতীয় সড়কের সম্প্রসারণের কাজ চলছে পুরোদমে। কার্যত সেখানে রাস্তা বলে কিছু অবশিষ্ট নেই। পুরোটাই খানাখন্দ, নইলে নতুন ফেলা মাটি। একই সঙ্গে ডুয়ার্সের নদীগুলির ওপর ব্রিজগুলিকেও চওড়া করা হচ্ছে। সেজন্য হিউম পাইপ ফেলে নদীর ওপর তৈরি করা হয়েছে অস্থায়ী সেতু। তার ওপর দিয়েই চলছে গাড়ি। বুধবার রাতে মোটর সাইকেলে চড়ে রাইচেঙ্গায় মামাবাড়ি থেকে মায়ের কোলে করে সাহেবপোঁতায় বাড়ি ফিরছিল ৬ মাসের শিশুটি। সঙ্গে ছিল দাদা। মোটরসাইকেল চালাচ্ছিলেন বাবা উত্তম দাস। চর তোর্সা নদীর ওপর তৈরি অস্থায়ী সেতুতে একটি লরিকে পাশ কাটাতে গিয়ে মোটরসাইকেলসহ নদীতে পড়ে যান চার জনই। রাত ৮ নাগাদ এই ঘটনায় পথচলতি অন্যান্যরা মিলে উত্তমবাবু তাঁর স্ত্রী ও বড় ছেলেকে উদ্ধার করে। কিন্তু ৬ মাসের শিশুপুত্রের খোঁজ পাওয়া যায়নি। খবর পেয়ে পুলিশ ও দমকল ঘটনাস্থলে পৌঁছয়। শিশুটির খোঁজ শুরু করে তারা। সন্তানকে হারিয়ে বিহ্বল দম্পতি। এই ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকাল থেকে এলাকায় উত্তেজনা ছড়ায়। অবিলম্বে রাস্তা সংস্কারের দাবিতে চর তোর্সা সেতুর কাছে পথ অবরোধ করে গণসংগ্রাম কমিটি।

রাজ্যপালে অসন্তুষ্ট

দুরন্ত বার্তা, মালদা, ১৭ আগস্ট ঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের অভিযোগ এবং ছাত্রমৃত্যুর ঘটনায় বিক্ষোভ প্রতিবাদ করল মালদা জেলা তৃণমূল ছাত্র পরিষদ। বৃহস্পতিবার মালদা কলেজ গেটের সামনে সিপিএমের ছাত্র সংগঠন এসএফআই এবং রাজ্যপালের ভূমিকা নিয়ে ব্যাপক বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্র পরিষদের মালদা শাখার কর্মকর্তারা। পাশাপাশি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের ঘটনায় ছাত্র মৃত্যুর প্রতিবাদে তৃণমূল ছাত্র পরিষদের ডেপুটেশনের সময় এসএফআই ছাত্র সংগঠনের দ্বারা তৃণমূল ছাত্র পরিষদের কর্মীদের উপর আক্রমণের প্রতিবাদ জানিয়ে এদিন প্রতিবাদ বিক্ষোভ দেখায় তৃণমূল ছাত্র পরিষদ। তৃণমূল ছাত্র পরিষদের জেলা সহ সভাপতি অমিত শেঠ জানিয়েছেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রমৃত্যুর ঘটনার পর ডেপুটেশন দেওয়াকে ঘিরে এসএফআই কর্মীরা তৃণমূল ছাত্র পরিষদের সদস্যদের উপর হামলা চালিয়েছে। সেই ঘটনার ধিক্কার জানিয়েছি। এছাড়াও রাজ্যপালের ভূমিকাতেও আমরা অসন্তুষ্ট। তাই এদিন এসব বিষয় নিয়ে বিক্ষোভ এবং প্রতিবাদ করা হয়েছে।

বেঙ্গল সাফারিতে আসতে চলেছে সিংহ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ আগস্ট ঃ পুজোর আগে নতুন করে সাজিয়ে তোলা হচ্ছে শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্ককে। দর্শকদের কাছে আরও আকর্ষণী করে তুলতে আনা হবে আফ্রিকান সিংহ। তবে অফ্রিকা থেকে নয় আনা হচ্ছে ভারতেই দুটি চিড়িয়াখানা থেকে। সাফারি কর্তৃপক্ষ সূত্রে খবর আনা হচ্ছে গিবনও। এই আফ্রিকান সিংহকে রাখার জন্য পার্ক তৈরি কাজ প্রায় শেষ পর্যায়ে। সূত্রের খবর, বাছাই করা হয়েছে সিংহ। কলকাতার আলিপুর এবং ত্রিপুরার চিড়িয়াখানা থেকে দুটি সিংহ আনা হবে বেঙ্গল সাফারি পার্কে। এছাড়া আনা হচ্ছে গিবনও। এছাড়া নানা প্রজাতির সাপ নিয়ে তৈরি হচ্ছে একটি পার্কও। এছাড়া ঔষধি গাছের পার্ক এবং একটি অ্যাম্ফিথিয়েটারও পুজোর আগে দর্শকদের জন্য খুলে দেওয়া পরিকল্পনা রয়েছে কর্তৃপক্ষের। সিংহ এবং গিবন আনার জন্য চিড়িয়াখানা কর্তৃপক্ষের কাছে অনুমতি চেয়েছ রাজ্য বন দফতর। দফতরের আশা সেপ্টেম্বরের মাঝামাঝি এই অনুমতি মিলতে পারে। তাই জোরকদমে নতুন বাসিন্দাদের জন্য পার্ক সাজানোর কাজ শুরু হবে। রাজ্য বন দফতরের সচিব, সৌরভ চৌধুরী বলেন, কেন্দ্রীয় চিড়িয়াখানা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া নতুন বন্যপ্রাণী আনা সম্ভব নয়। বেঙ্গল সাফারিকে আকর্ষণীয় করতে কিছু নতুন বন্যপ্রাণী আনা হবে। কেন্দ্রীয় চিড়িয়াখানা কর্তৃপক্ষের অনুমতি পেলেই তাদের আনার কাজ শুরু হয়ে যাবে। তবে কর্তৃপক্ষের লক্ষ্য পুজোর আগেই দর্শকদের জন্য বেঙ্গল সাফারিকে আরও আকর্ষণীয় করে তোলা। কারণ, পুজো থেকে সাফারিতে পর্যটকদের ঢল নামা শুরু হবে। তাই কেন্দ্রীয় চিড়িয়াখানা কর্তৃক্ষের অনুমতির অপেক্ষায় বন দফতর। প্রসঙ্গত ২০১৬ সালে জলপাইগুড়ির বৈকুণ্ঠপুরের বনাঞ্চলের একাংশকে নিয়ে তৈরি হয় বেঙ্গল সাফারি পার্ক। পর্যটকদের কাছে অন্যতম আকর্ষণীয় স্থান এই সাফারি পার্ক। প্রাচীর ঘেরা জঙ্গলে হিমালয়ান ব্ল্যাক বেয়ার, চিতাবাঘ, গন্ডার, অগুনতি হরিণ, ময়ূর, বুনো শুয়োর, কুমীর, নানা প্রজাতির পাখি, ভাম, ফিশি ক্যাট দেখা মেলে। এবার তাকে আরও আকর্ষণীয় করতে আফ্রিকান সিংহ আনছে কর্তৃপক্ষ।

আসানসোলে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু এক যুবকের

দুরন্ত বার্তা, আসানসোল, ১৭ আগস্ট ঃ ডেঙ্গি নিয়ে উদ্বেগ বাড়ছে রাজ্যজুড়ে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে একাধিক পদক্ষেপ করছে প্রশাসন। এর মধ্যেই ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনাও ঘটছে। বৃহস্পতিবার আসানসোলে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু হল এক যুবকের। মৃতের নাম অবিনাশ সাউ। বাড়ি পুরনিগমের ৪২ নম্বর ওয়ার্ডের রাঙ্গানিয়া পাড়া এলাকায়। বৃহস্পতিবার সকালে দুর্গাপুরে একটি বেসরকারি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যুর কথা হাসপাতালের তরফে জানানো হয়েছে। এদিকে যুবকের মৃত্যুর পরই নড়েচড়ে বসেছে আসানসোল পুরনিগম ও পশ্চিম বর্ধমান জেলা স্বাস্থ্য দপ্তর। এদিন খবর পেয়ে এলাকায় যান ওয়ার্ড কাউন্সিলার অমিতাভ বসু। তাঁর সঙ্গে যান স্বাস্থ্যকর্মী, আশাকর্মী ও সাফাইকর্মীরা। দুপুরের পর মেডিকেল অফিসার সহ একটি টিম নিয়ে এলাকা পরিদর্শনে যান পুরনিগমের স্বাস্থ্য দপ্তরের মেয়র পারিষদ দিব্যেন্দু ভগৎ। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক (সিএমওএইচ) ডাঃ ইউনুস খান ডেঙ্গিতে যুবকের মৃত্যুর কথা জানিয়েছেন। তিনি বলেন, এলাকায় টিম গিয়েছে। নজরদারি চলছে। ডেঙ্গির প্রকোপ সামলাতে প্রয়োজনীয় সব পদক্ষেপ করা হয়েছে। এদিকে যুবকের মৃত্যুর ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। জানা গিয়েছে, ওই এলাকায় একাধিক খাটাল রয়েছে। সেখান থেকে গোবর ও নোংরা-আবর্জনা যেখানে সেখানে পড়ে থাকে। তাতে নর্দমাও ভরে যায়। জল জমে থাকে। স্থানীয়দের অভিযোগ, পুরনিগম কর্তৃপক্ষের নজরদারি ও পদক্ষেপের অভাবে এই এলাকা ডেঙ্গির আঁতুড়ঘর হয়েছে। যদিও আসানসোল পুরনিগম কর্তৃপক্ষ এই অভিযোগ মানতে নারাজ। ওয়ার্ড কাউন্সিলার থেকে ওই এলাকায় কাজ করা আশাকর্মীরা বলেন, খাটাল মালিকেরা কোনও কথা শোনেন না। বাড়িতে কাউকে ঢুকতে দেন না।

সেতুর কাজ

ই-টেন্ডার নোটিশ নং. ৭৮/ডব্লিউ-২/এপিডিজে তারিখঃ ১৪-০৮-২০২৩। নিম্নে উল্লিখিত কাজের জন্য নিয়োগকর্তার দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার সংখ্যা. ৪০-এপি-I-২০২৩। কাজের নামঃ ... আলিপুরদুয়ার জংশন ... টেন্ডার রাশিঃ ... টাকা। বায়না রাশিঃ ২,৩৪,০০০/- টাকা। টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ০৮-০৯-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং খোলা হবে ০৮-০৯-২০২৩ তারিখের ১৫.৩০ ঘন্টায়। বিস্তৃত তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট www.ireps.gov.in অবলোকন করুন।
ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জংশন
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

এফওবি সম্পর্কিত বৈদ্যুতিক কাজ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: ইএল_ডিএস_১৩_২০২৩-২৪/কে, তারিখ ঃ ১৪-০৮-২০২৩। নিম্নলিখিত কাজের জন্য নিয়োগকর্তার দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ টেন্ডার নং. ঃ ইএল_ডিএস_১৩_২০২৩-২৪/কে, কাজের নাম ঃ "মনিহারিতে এফওবি সম্পর্কিত ... বৈদ্যুতিক কাজ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ টিআরডি কাজ।" (ইলেকট্রিক্যাল জেনারেল)। টেন্ডার মূল্য ঃ ১,০৯,৭৮,৭৭৮ টাকা; বায়না রাশি ২,০৪,৯০০ টাকা। ই-টেন্ডার বন্ধ হবে ০৫-০৯-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং খুলবে ০৫-০৯-২০২৩ তারিখের ১৫.৩০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ০৫-০৯-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।
সিনি. ডিইই/টিআরডি, ওপি অ্যান্ড ডিএম/কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

এফওবি সম্পর্কিত বৈদ্যুতিক কাজ এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং. ঃ ইএল_ডিএস_০৮_২০২৩-২৪/কে, তারিখ ঃ ১৪-০৮-২০২৩; টেন্ডার নং. ঃ ইএল_ডিএস_০৮_২০২৩-২৪, নিম্নলিখিত কাজের জন্য নিয়োগকর্তার দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। কাজের নাম ঃ কাটিহার ডিভিশনে ... টিআরডি কাজ সহ (ইলেকট্রিক্যাল জেনারেল) এফওবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ উন্নয়নের জন্য বৈদ্যুতিক কাজ এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ। টেন্ডার মূল্য ঃ ১,০৪,৫১,৬৪৮/- টাকা; বায়না মূল্য ঃ ২,০২,৩০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ১৫:০০ ঘন্টায় এবং খোলা ০৫-০৯-২০২৩ তারিখে ১৫:৩০ ঘন্টায়। সম্পূর্ণ তথ্যের জন্য www.ireps.gov.in ওয়েবসাইটে দেখুন।
সিনিয়র ডিইই/টিআরডি, কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

Bidhannagar Municipal Corporation

NIT No 61/PHE(C)/BMC, Dated- 17.08.2023
e-Tender has been invited for emergent water connection, street tap and washing & cleaning at different locations within Ward no. 03 & 24 under BMC.
For details, please follow, Tender Id 2023_MAD_557927_1 to 3 in www.wbtenders.gov.in, Office Notice Board. Last date of Bid submission - 26/08/2023 up to 3.00 p.m.
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213
Memo. No. 1953/BDO/JLD-II, Dated: 16/08/2023
Notice
Block Development Officer, Jhalda-II Development Block invites E-tender as follows: **NIeT No.-1(e)/BDO/JLD-II/2023-24 dt 03.08.2023,** for 30 nos. scheme **(Tender ID 2023_DM_554368_1 to 2023_DM_554368_30)** within the jurisdiction of Jhalda-II Development Block. Last Date of tender submission has been changed to **25.08.2023** instead of **19.08.2023 up to 6-00 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in**
Sd/- Block Development Officer
Jhalda-II Development Block

Hooghly-Chinsurah Municipality
Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092
Notice for invitation e-Tender
e-Tender Notice No- WBMAD/C/HCM/Eng/NIT13/8e/23
Memo No-: 3104/Eng/AS Dated : 17.08.2023
e-Tenders are invited from the experience and reliable contractors for different civil works under this Municipality. Vide **e-Tender ID No. 2023_MAD_557973_01 to 03.** Closing date of Bid submission is **05.09.2023 up to 15.00 hours.** Detailed information will be available from PWD Dept. of this Municipality & visit website-**https://wbtenders.gov.in**
Sd/-Chairman
Hooghly Chinsurah Municipality

Notice Inviting e-Quotation
e-NIQ-04/2023-24 vide Memo no. 1651/BNK/BCW Dt. 17-08-2023 (Tender ID : 2023_DMBAK_557744_1) issued by the undersigned. Details may be seen at https://wbtenders.gov.in/nicgep/app and also at office notice board of the undersigned.
Sd/-
Project Officer-cum-District Welfare Officer
BCW & TD, Bankura.

J R D FINANCE LIMITED
Reg.Off. : 1/1A, Biplabi Anukul Chandra Street, 5th Floor, Room No. 5G, Kolkata - 700 072
Tel: +91 33 4006 6062;
Email Id: fin.jrd@gmail.com
Website: www.jrdfinance.com
CIN: L65999WB1993PLC058107
NOTICE
Notice is hereby given that the 30th Annual General Meeting of the Company will be held on Wednesday, 27th September, 2023 at 1:00 p.m. at 1/1A, Biplabi Anukul Chandra Street, 5th Floor, Room No. 5G, Kolkata - 700072.
Further, pursuant to Section 91 of the Companies Act, 2013 read with relevant rules thereunder and Regulation 42 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 21st September, 2023 to 27th September, 2023 (both days inclusive).
For J R D Finance Ltd.
Sd/- Pritha Sinha Pandey
Place: Kolkata (Company Secretary &
Date: 11.08.2023 Compliance officer)

MATHEW EASOW RESEARCH SECURITIES LIMITED
Regd. Off.: "Rajkamal building", 128 Rashbehari Avenue, 1st Floor, Kolkata - 700 029
Email : mers.ltd@gmail.com
Website : www.mersl.co.in
CIN: L74910WB1994PLC064483
NOTICE
Notice is hereby given that the 29th Annual General Meeting of the Company will be held on Friday, 29th September, 2023 at 12.30 p.m. through Video Conferencing (VC) / Other Audio-Visual Means (OAVM).
Further, pursuant to Section 91 of the Companies Act, 2013 read with relevant rules thereunder and Regulation 42 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 23rd September, 2023 to 29th September, 2023 (both days inclusive).
For Mathew Easow Research Securities Ltd.
Sd/- Rajshree Mundhra
Place: Kolkata (Company Secretary &
Date : 14.08.2023 Compliance officer)

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER
ABRIDGED NIT

The **D.G. (Electrical), KMC** invites tender online percentage rate two bid systems for the following work: **NIT No. : LTG/68/WD-28/BR-IV/Z-II/23-24** Name of the work : **Improvement of bustee lighting system at 3, R. D. Street, 3B, Gas Street Bustee and other bustees within ward no. 28 under Br.-IV.** Estimate Amount: **Rs. 2,98,709.00.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **30 Days.** Last date and time of submission of bid(online): **31.08.2023** upto **3 p.m.** The bid forms and other details are available on and from **18.08.2023** at **4 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Executive Engineer(E)/LTG/Z-III, KMC** invites tender on line, two part bid system for the following works: **1. NIT No. : KMC/LTG/Z-III/2023-2024/253** Name of work : **Installation & improvement of street lighting system at M.M. Ali Road & other places in ward no.-78.** Estimated Amount: **Rs. 2,49,690.18.** Earnest Money: **Rs. 5,000.00.** **2. NIT No. : KMC/LTG/Z-III/2023-2024/254** Name of work : **Improvement of street lighting system at C.G.R. Road (Karl Marx Sarani) & other places in ward no.-77.** Estimated Amount: **Rs. 2,49,690.18.** Earnest Money: **Rs. 5,000.00.** **3. NIT No. : KMC/LTG/Z-III/2023-2024/272** Name of work : **Installation & improvement of park lighting system at Kabitirtha Park in ward no.-76.** Estimated Amount: **Rs. 1,48,259.92.** Earnest Money: **Rs. 3,000.00.** Period of Completion: **30 Days** (for sl. no. 1 to 3). Last date and time of completion of bid: **28.08.2023** up to **2 p.m.** (for sl. no. 1 to 3). Tender opening date: **29.08.2023** at **2 p.m.** (for sl. no. 1 to 3). The bid forms and other details are available on and from **18.08.2023** from **2 p.m.** (for sl. no. 1 to 3). For full and further details, please visit the website : **https://etender.wb.nic.in** Please keep watching on the above website for further addendum/corrigendum, pre-bid clarifications, if any which will be published in above website only.

The **Director General (Roads)/Mechanical, KMC** invites tender online percentage rate two bid systems for following work: **NIT No. : ASPH/PB/BSR-03/2023-24, (1st Call)** Name of works : **Engagement of hiring moveable type mounted earth excavator for repairing of Kali Temple Road, ward-83 under Roads Mechanical Department.** Estimate Amount (incl. G.S.T. & CESS): **Rs. 4,54,856.03.** Earnest Money: **Rs. 9,500.00.** Period of Completion: **45 Days.** Last date and time of submission of bid: **01.09.2023** at **11 a.m.** The bid forms and other details are available on and from **19.08.2023** after **6 p.m.** from the website : **https://wbtenders.gov.in**

The **Director General (Sewerage & Drainage), KMC** invites e-tender online item rate two bid system for the following work: **NIT No. : KMC/GRBU/T10/23-24 (1st Call)** Name of work : **Complete servicing and overhauling of 51.5 cusec submersible pump unit no. 2 at Padirhati DPS under GRBU.** Estimated Amount: **Rate to be quoted.** Earnest Money: **Rs. 6,500.00.** Period of Completion: **10 Days.** Last date and time of submission of bid: **01.09.2023** up to **5 p.m.** The bid forms and other details are available on and from **19.08.2023** at **5 p.m.** from the website : **https://etender.wb.nic.in** For corrigendum etc. if any, the same website has to be seen.

The **Dy. Chief Engineer (E) (Sewerage & Drainage), KMC** invites e-tender online item rate two bid system for the following work: **NIT No. : KMC/GRBU/T9/23-24 (1st Call)** Name of work : **Complete servicing and overhauling of 3.4 cusec DWF 1 Submersible Pump at Padirhati DPS under GRBU.** Estimated Amount : **Rate to be quoted.** Earnest Money: **Rs. 4,200.00.** Period of Completion: **10 Days.** Last date and time of submission of bid: **01.09.2023** at **5 p.m.** The bid forms and other details are available on and from **19.08.2023** at **5 p.m.** from the website : **https://etender.wb.nic.in** For corrigendum etc. if any, the same website has to be seen.

The **Dy. Chief Engineer (Parks & Squares), KMC** invites e-tender online percentage rate two bid system for the following work: **NIT No. : KMC/DYCE(PS)/X/96/2/23-24R1 (2nd Call)** Name of work : **Renovation of existing park at 77 Bade Raipur Road in ward no.-96, Br-X.** Estimated Cost (including GST & CESS) : **4,88,826.29.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **45 Days.** Last date and time of submission of bid: **26.08.2023** at **1 p.m.** The bid forms and other details shall be available on and from **19.08.2023** at **10 a.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **OSD & EO Dy. C.E. (Parks & Squares), KMC** invites quotation online percentage rate two bid system for the following work: **NIT No. : KMC/DYCE(PS)/II/10/01/23-24 (1st Call)** Name of work : **Repairing and maintenance work to the Laha Colony Math including painting work and restoration of play ground with earth filling along Raja Naba Krishna Street in ward no.10, Br-II.** Estimated Cost : **4,08,524.30.** Earnest Money: **Rs. 8,200.00.** Period of Completion: **60 Days.** Last date and time of submission of bid: **28.08.2023** at **1 p.m.** The bid forms and other details shall be available on and from **18.08.2023** at **10 a.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Electrical)/LTG/Z-IV, KMC** invites tender on line, two part bid system for the following work: **NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/47/23-24** Name of work : **Improvement of bustee lighting arrangement at Regent Colony, Subhaspally and other areas in ward no. 95, Br-X.** Estimated Amount (as per BOQ) : **1,98,332.59.** Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **20 Days.** Last date and time of completion of bid: **29.08.2023** up to **12 noon.** The bid forms and other details are available on and from **17.08.2023** at **2 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Executive Engr.(E)/LTG/Z-I/BR-II, KMC** invites E-tender online percentage bid system for the following work: **NIT No. : LTG/207/WD-16/BR-II/Z-I/23-24** Name of the work : **Improvement of bustee lighting system at Goabagan, Sahitya Parisad Street bustee and diff. places in ward no. 16, under Br-II.** Estimated Amount: **1,98,714.17.** Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **30 Days.** Last date of submission of bid: **26.08.2023** at **12 noon.** The bid forms and other details are available on and from **14.08.2023** at **4 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Director General (Roads), KMC** invites tender online percentage rate two bid system for following works: **1. NIT No. : KMC/ROADS/SOUTH/2023-2024/142 (1st Call)** Name of work : **Emergency repairing of Mahatma Gandhi Road from Kabardanga Bazar to Keorapukur Bazar under Br-XIII and XVI.** Estimate Amount(Incl. GST & CESS): **4,94,707.20** (Excl. Contingency Amt.). Earnest Money: **Rs. 9,900.00.** Period of Completion: **150 Days.** **2. NIT No. : KMC/ROADS/SOUTH/2023-2024/143 (1st Call)** Name of work : **Emergency repairing of Roy Bahadhur Road by laying hotmix in ward no.-118, 119 under Br-XIII.** Estimate Amount(Incl. GST & CESS): **4,95,909.03** (Excl. Contingency Amt.). Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **150 Days.** Last date and time of submission of bid: **01.09.2023 at 12 noon** (for sl. no. 1 & 2). The bid forms and other details are available on and from **23.08.2023** at **12 noon** (for sl. no. 1 & 2) from the website : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 & 2).

CORRIGENDUM
(1) NIT No. : KMC/EE(E)/Z-VI/125/05/23-24 (2) NIT No. : KMC/EE(E)/Z-VI/125/07/23-24 (3) NIT No. : KMC/EE(E)/Z-VI/126/03/23-24 (4) NIT No. : KMC/EE(E)/Z-VI/126/12/23-24 (5) NIT No. : KMC/EE(E)/Z-VI/144/05/23-24 of Ltg. Z-VI Deptt. published in this Newspaper **(Key No. 583/23-24)** on **17.08.2023. Name of the invitee of tender should be read as EE(E) Ltg Z-VI** instead of EE(E) Ltg Z-IV.
591/23-24

SBI
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি বিধাননগর,
কোড নং ঃ ১৫৩৪২ জোনাল অফিস বিল্ডিং (৪র্থ ফ্লোর),
১/ ১৬, ভি.আই.পি. রোড, বিধাননগর, কলকাতা-৭০০০৫৪
নোটিস অধীন ১৩(২) সারফেশি আইন,২০০২

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে উল্লেখিত গ্রাহক ঃ **শ্রীমতি সুনন্দা সেন ও শ্রী কৃষ্ণ পদ সেন** ব্যর্থ হয়েছেন পরিশোধ করতে বকেয়া মূল রাশি সঙ্গে সুদ ঋণ সুবিধার যা গ্রহণ করেছেন ব্যাঙ্কের কাছ থেকে এবং যা প্রদর্শিত হয়েছে নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে। এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে অধীন ধারা ১৩(২) নিরাপত্তাকরণ এবং পুর্নগঠন আর্থিক সম্পত্তির এবং প্রয়োগ নিরাপত্তা আগ্রহ আইন,২০০২ তাদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায়, কিন্তু তা ফেরত এসেছে অপ্রদেয় হিসাবে এবং যার ফলে তাদের এই বিজ্ঞপ্তির মধ্য দিয়ে জ্ঞাত করানো হচ্ছে।

ক্র. নং.	গ্রাহক ও জামিনদারের নাম ও ঠিকানা	সম্পত্তির বিবরণ / সুরক্ষিত সম্পত্তির ঠিকানা যাহাতে প্রয়োগ হবে	বিজ্ঞপ্তির তারিখ	এনপিএ তারিখ	বকেয়া রাশি (নোটিসের তারিখে)
১	গ্রাহক ঃ শ্রীমতি সুনন্দা সেন শ্রী কৃষ্ণ পদ সেন জামিনদার ঃ শ্রী মৃনাল ঘোষ সকলের ঠিকানা ঃ ৪২৯ / ৩, অশোক নগর, পোস্ট ও থানা- অশোক নগর, উত্তর ২৪ পরগণা, পিন-৭৪৩২২২ অ্যাকা. নং. ঃ ১০৯৮৫৬৭৪৩৩৯ হাবড়া শাখা	সমস্ত অংশ এবং সামগ্রী জমি পরিমাপ কম বা বেশি ৩ কাঠা ৫ ছটাক ১৫ ব.ফু. সঙ্গে বাড়ি রয়েছে যা অবস্থিত মৌজা-মোমিনপুর, জেএল নং. ৬৬, সাবেক খতিয়ান নং.-৩, সি.এস. প্লট নং. ১৩২১, এল.ও.পি. নং. ৪২৯/ ৩, অধীন অশোকনগর কল্যানগড় পৌরসভা, হোল্ডিং নং. ১২ / ৩৬ / ১০, ওয়ার্ড নং. ১৪, নথিবদ্ধ বুক নং. ১, ভলিউম নং. ১৬৩, পাতা নং. ২৩০ থেকে ২৪৭, ডিড নং. ৪১৪৯ সাল ২০০৫, এডিএসআরও-গুমা, থানা-অশোকনগর, জেলা-উত্তর ২৪ পরগণা। সম্পত্তির চারপাশের পরিসীমা হল ঃ উত্তরে-পৌরসভার রাস্তা, দক্ষিণ-প্লট নং. ৪৩২, পূর্ব-৪২৮, পশ্চিম-জমি ও পঙ্কজ ব্যানার্জির বাড়ি। সম্পত্তি রয়েছে শ্রীমতি সুনন্দা সেন ও শ্রী কৃষ্ণ পদ সেন নামে।	০৪.০৮.২০২৩	২৮.০৫.২০১৭	টাকা. ৫,৩৬,২৮৪.০০ (টাকা পাঁচ লক্ষ ছত্রিশ হাজার দুইশত চুরাশি মাত্র) ১২.০৭.২০২৩ তারিখে। আপনি দায়বদ্ধ রয়েছে পরিশোধ করতে ভবিষ্যৎ সুদ চুক্তিবদ্ধ হারে উল্লেখিত রাশিতে সঙ্গে আনুষ্ঠানিক ব্যয়, মূল্য, দাবী ইত্যাদি।

পদক্ষেপ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে নোটিসের বিকল্প প্রদানের। উপরোক্ত গ্রাহক/জামিনদার/বৈধ উত্তরাধিকারীদের জানানো যায় যে পরিশোধ করতে যে বকেয়া রয়েছে ব্যাঙ্কের কাছে সঙ্গে আপ-টু-ডেট সুদ এই বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ৬০ দিনের মধ্যে , যদি তাহাতে ব্যর্থ হন পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে এই নোটিসের মেয়াদের ৬০ দিন শেষ হওয়ার পর অধীন উপ-ধারা(৪) ধারা ১৩ নিরাপত্তাকরণ এবং পুর্নগঠন আর্থিক সম্পত্তির এবং প্রয়োগ নিরাপত্তা আগ্রহ আইন,২০০২ মোতেবক।

গ্রাহকের মনোযোগ আকর্ষিত করা যায় যে বন্দোবস্ত অধীন সাব-সেকশান(৮) অধীন সেকশান ১৩ আইনে, উপযুক্ত সময়ের মধ্যে সুরক্ষিত সম্পদগুলি খালাস করার জন্য।

তারিখ ঃ ১৮.০৮.২০২৩ ,
স্থান ঃ বিধাননগর
অনুমোদিত আধিকারিক,
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া